যুগান্তর

তারিখ 08 MAR 2016
পৃষ্ঠা 2 কলাম 8

# সিলেটে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে গোলাগুলি

**সিলেট ব্যুরো**

সিলেটের এমসি কলেজে আধিপত্য বিস্তার নিয়ে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধসহ ১০ জন কর্মী আহত হয়েছে। সোমবার বিকেলে এ সংঘর্ষ হয়। গুরুতর আহত গুলিবিদ্ধ কামরুল ও রতন নামে দুই কর্মীকে ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আধিপত্য বিস্তারের জের ধরে টিলাগড় এলাকায় জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রায়হান চৌধুরী ও এমসি কলেজ ছাত্রলীগের জাহাঙ্গীর গ্রুপের মধ্যে দীর্ঘদিন বিরোধ চলে আসছে। তাদের মধ্যে টিলাগড় এলাকায় বেশ কয়েকবার সংঘর্ষও হয়েছে। সোমবার দুপুরে এমসি কলেজের সামনে ফের তাদের মধ্যে সংঘর্ষ হয়। এ সময় জাহাঙ্গীর গ্রুপকে কলেজ, ক্যাম্পাস থেকে তাড়িয়ে রায়হানের গ্রুপ ক্যাম্পাসে প্রবেশ করে। এতে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় গোলাগুলি শুরু হয়। এতে উভয়পক্ষের অন্তত ১০ নেতাকর্মী আহত হয়। এর মধ্যে জাহাঙ্গীর গ্রুপের কামরুল গুলিবিদ্ধ হন। এ ব্যাপারে শাহ পরাণ থানার ওসি নিজাম উদ্দিন চৌধুরী বলেন, খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।